

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
আইন-১ অধিশাখা  
www.lgd.gov.bd

উন্নয়নের গণতন্ত্র  
শেখ হাসিনার মূলমন্ত্র।

স্মারক নং-৪৬.০২০.০০৪.০১.০০.২৫৪.২০১৭-১৫৬৩


তারিখঃ ২৪ জুলাই ২০১৭  
১৯ শ্রাবণ ১৪২৪

বিষয় : রীট পিটিশন নং-৫৯৮৩/২০১৭ বাদী জনাব মোঃ শাহ আলম খাঁন, পিতা-মৃত-সবদুল খাঁন, এবং জোবেদা বেগম, বাড়ি নং-জি পি জে ৬৯, ওয়ারলেস গেট, পোস্ট- গুলশান-১২১২, থানা-গুলশান, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন -বনাম-সরকার ও অন্যান্য।

ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের ২০ নং ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক ০৪/০৪/২০১৭ তারিখের ওয়া/বি/নো/০১-২০১৭ নং স্মারকে জারীকৃত নোটিশকে চ্যালেঞ্জ করে রীট পিটিশন নং-৫৯৮৩/২০১৭ দায়ের করা হয়েছে। মহামান্য আদালত ০৬ (ছয়) মাসের জন্য বাদীর সীমানা প্রাচীর অপসারণ হতে বিরত থাকার নির্দেশসহ রুল ইস্যু পূর্বক জবাব দাখিলের নির্দেশ দিয়েছেন। মাননীয় আদালতে মামলা প্রতিদ্বন্দ্বিতার লক্ষ্যে সরকারের পক্ষে ইংরেজিতে দফাওয়ারী জবাব দাখিল করা আবশ্যিক।

২। এমতাবস্থায়, সরকারী স্বার্থ বিবেচনায় রেখে ইংরেজিতে অনুচ্ছেদওয়ারী ঘটনার বিবরণী (Parawise statement of facts) প্রতি পাতায় স্বাক্ষরযুক্ত ও সংশ্লিষ্ট কাগজাদি সত্যায়িত সহকারে ২(দুই) সেট জরুরী ভিত্তিতে নিম্নস্বাক্ষরকারী বরাবরে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। উল্লেখ্য, নির্ধারিত সময়ের মধ্যে জবাব প্রেরণ করা না হলে মাননীয় আদালত কর্তৃক আরোপিত দায়-দায়িত্ব তাঁর দপ্তরের সংশ্লিষ্টদের উপর বর্তাবে।

সংযুক্ত : রুলের কপি।

  
(মুহাম্মদ আনোয়ার পাশা)  
উপসচিব  
ফোন-৯৫৪০১৯৭

প্রধান নির্বাহী কর্মকর্তা  
ঢাকা উত্তর সিটি কর্পোরেশন  
ঢাকা।

অবগতি/ কার্যার্থে অনুলিপি :

- ১। উপসচিব (সিটি কর্পোরেশন-১ শাখা) স্থানীয় সরকার বিভাগ। (দফাওয়ারী জবাব সংগ্রহের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
- ২। সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৩। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৪। অফিস কপি।